# দিনাজপুর বোর্ড-২০১৫

**বাংলা প্রথম পত্র**

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক বিভাগ — গদ্য

**১.▶** জামাল একটি ছাগল পোষে, তার নাম পুটু। জামাল তার নিজের খাবার এবং বাজার থেকে ভালো ভালো খাবার কিনে এনে খাইয়ে তাকে নাদুস-নুদুস করে তুলেছে। সে পুটুকে খুবই ভালোবাসে। চোরেরা একদিন পুটুকে চুরি করে নিয়ে গেলে পুটুর শোকে জামাল অসুস্থ হয়ে যায়।

ক. ভজন শুরু হয় কখন? ১

খ. কুকুরটি ভিতরে ঢোকার ভরসা পেল না কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'অতিথির স্মৃতি' গল্পের যে দিকটির সাদৃশ্য আছে তা বর্ণনা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'অতিথির স্মৃতি' গল্পের সামগ্রিক দিকটি তুলে ধরেনি।"— বিশ্লেষণ করো। ৪

**২.▶** রিকশাওয়ালা জাভেদ রাস্তায় ব্যাগ ভর্তি টাকা পড়ে পেল। প্রথমে সে মনে করল এই টাকা দিয়ে সে ব্যবসা করে বড়লোক হবে। কিন্তু সন্ধ্যায় বাসায় ফিরে ভাবল যার টাকা সে কতটা কষ্ট পাচ্ছে। এ কথা ভেবে সে সিদ্ধান্ত নিল যে, পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে প্রকৃত মালিককে টাকা ফিরিয়ে দিবে। এ জন্য সে পত্রিকায় বিজ্ঞপ্তি দিল।

ক. 'পত্রপাঠ বিদায়' কথাটির অর্থ কী? ১

খ. 'এখন জলে নামব না'— কথাটির প্রাসঙ্গিকতা বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের জাভেদের সিদ্ধান্ত 'পড়ে পাওয়া' গল্পের যে দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে জাভেদের মনোভাব ও 'পড়ে পাওয়া' গল্পের বালকদের অনুভূতি একই সূত্রে গাঁথা।"— উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

**৩.▶** সুমী তার দাদার সাথে মথুরাপুর গ্রামে মেলা দেখতে যায়। সে মেলায় গিয়ে নাগরদোলায় চড়ে, বায়স্কোপ দেখে। মেলায় আছে গ্রামের মানুষের নিত্যপ্রয়োজনীয় অনেক জিনিসপত্র। মুড়ি, মুড়কি, জিলাপি, বাতাসা, শাপলা-শালুক দোকানিরা থরে থরে সাজিয়ে নিয়ে বসে আছে।

ক. কত হিজরিতে বাংলা সন চালু হয়? ১

খ. "কিন্তু সে বিজয় স্থায়ী হয়নি।"— কেন বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে 'বাংলা নববর্ষ' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের মেলা ও 'বাংলা নববর্ষ' প্রবন্ধের রমনার মেলা এক নয়।"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

## খ বিভাগ — কবিতা

৪.▶ হাসমত সাহেব একটা বড় সারকারখানা তৈরি করতে চায়। তার জমির পার্শ্বেই ছিল চায়ের দোকানদার জনির এক শতক জমি। হাসমত সাহেব তা জোর করে দখল করে নেয়। কোনো বিচার না পেয়ে অগত্যা জনি পথে পথে চা বিক্রি করে, আর দীর্ঘ নিঃশ্বাস ফেলে সার কারখানার দিকে তাকিয়ে বলে ঐখানে আমার জমি ছিল অথচ এখন আমি নিঃস্ব।

ক. কার মাথায় জুঁটি বাঁধা আছে? ১

খ. উপেন কেন তার জমিকে নিলাজকুলটা বলেছিল? ২

গ. উদ্দীপকের 'জনি' চরিত্রটি 'দুই বিঘা জমি' কবিতার কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে— বর্ণনা করো। ৩

ঘ. "উদ্দীপকের হাসমত আর 'দুই বিঘা জমি' কবিতার জমিদার বর্বরতার দিক থেকে সমগোত্রীয়"—মূল্যায়ন করো। ৪

৫.▶ আলিফ ৮ম শ্রেণির ছাত্র। প্রতিদিন পাখির কল-কাকলিতে তার ঘুম ভাঙে। আলিফের ভালো লাগে পাখিদের কিচির-মিচির শব্দ। একটা কোম্পানি কারখানা গড়ে তোলার জন্য বড় বড় গাছ কাটতে শুরু করেছে, তা দেখে আলিফের মন খুবই বিষণ্ন হয়ে পড়ে। পাখিরা আর এখানে ডাকবে না। এভাবেই হয়তো পৃথিবীর এ সবুজ অরণ্য শেষ হয়ে যাবে।

ক. মর্মরে মর্মরে কী বেজে ওঠে? ১

খ. কবি কণ্ঠে মৌসুমি ফুলের গান জাগে না— কেন? ২

গ. উদ্দীপকটির সাথে 'জাগো তবে অরণ্য কন্যারা'— কবিতার সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. "আলিফের বিষণ্নতার কারণ আর 'জাগো তবে অরণ্য কন্যারা' কবিতার কবির বিষণ্নতা যেন একই সূত্রে গাঁথা।"— বিশ্লেষণ করো। ৪

৬.▶ "নুরু, পুষি, আয়শা, শুফি, সবাই এসেছে
আমবাগিচার তলায় যেন সবাই মিশেছে
বাপ-মা তাদের ঘুমিয়ে আছে এই সুবিধা পেয়ে
বন ভোজনে মিলেছে আজ দুষ্টু কটি মেয়ে
বিনা আগুন দিয়ে যদি হচ্ছে তাদের রাঁধা
তবুও তাদের দু'চোখে ধোঁয়া লেগে কাঁদা।"

ক. 'নদীর স্বপ্ন' কবিতায় কার কাছে দুটো আনি আছে? ১

খ. কানাই মাঝিকে লক্ষ্মী বলেছিল কেন? ২

গ. উদ্দীপকটির সাথে 'নদীর স্বপ্ন' কবিতার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. "বিষয়বস্তু ভিন্ন হলেও উদ্দীপক ও 'নদীর স্বপ্ন' কবিতায় কিশোর মনের আবেগ প্রকাশ একই রকম।"— বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

## গ বিভাগ — আনন্দ পাঠ

৭. ▶ রাফি তার মায়ের সাথে শহরে এসেছে। তার মা কোন এক বাসায় ঝি-এর কাজ করে। রাফি একদিন হাঁটতে হাঁটতে এক বিরাট বড়লোকের বাসার গেটের সামনে এসে দাঁড়ায়। দারওয়ান তাকে ধাক্কা মেরে তাড়িয়ে দেয়। কিন্তু ঐ বাড়ির ছেলে তাহমিদ তা দেখে দোতলা থেকে নেমে এসে বলে ওকে মারছ কেন? ওকে আমার সাথে যেতে দাও। ভিতরে গিয়ে আমার সঙ্গে খেলা করবে।

ক. রাজকুমারের পিতার নাম কী? ১

খ. টমের জন্মের পর তার বাবা-মার মুখে হাসি ছিল না কেন? ২

গ. উদ্দীপকের রাফি চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের তাহমিদের সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের সাদৃশ্য থাকলেও বৈসাদৃশ্যও কম নয়।"— বিশ্লেষণ করো। ৪

৮. ▶ গফুর মিয়া একজন গরিব কৃষক। চাষাবাদ করার জন্য সে গ্রামের মোড়লের কাছে জমি বন্ধক দিয়া দশ হাজার টাকা ধার নেয়। মোড়ল সাদা কাগজে গফুরের স্বাক্ষর নিয়ে রাখে। দুই বছর পর গফুর টাকা ফেরত দিতে গেলে সে বলে 'তুমি তো আমার কাছ থেকে পঞ্চাশ হাজার টাকা নিয়েছিলে, মোড়লের এহেন আচরণে গফুর বাধ্য হয়ে আইনের আশ্রয় নেয়।

ক. অ্যান্টনিও কোন শহরের বাসিন্দা ছিলেন? ১

খ. বিচারক আর কোনো কথা বললেন না— কেন? ২

গ. উদ্দীপকের মোড়ল চরিত্রটি 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?— ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের আংশিক প্রতিফলন মাত্র।"— যৌক্তিক মতামত দাও। ৪

৯. ▶ রাজা শমসের খান ঘোষণা করলেন, যে রুপার গাছে সোনার ফল ধরাতে পারবে সেই তার কন্যাকে বিয়ে করবে। যদি তা না পারে তবে সে বন্দী হবে। অনেক রাজপুত্র এলেও কেউই সফল হতে পারল না। অবশেষে বাহাদুরপুরের রাজপুত্র খলিল এসে মন্ত্রবলে রুপার গাছে সোনার ফল ধরাতে সক্ষম হলেন। প্রতিশ্রুতি অনুযায়ী রাজা খলিলের সাথে মেয়ের বিয়ে দেন।

ক. তাড়কা রাক্ষসীর পুত্রের নাম কী? ১

খ. অশ্বমেধ যজ্ঞ কী? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকটির সাথে 'রামায়ণ-কাহিনী'র কোন দিকটির সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'রামায়ণ-কাহিনী' গল্পটির সামগ্রিক দিক নয়।"—মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ১ | ০ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. 'অতিথির স্মৃতি' গল্পে কোন পাখির উল্লেখ নেই?**
ক ময়না খ দোয়েল
গ শালিক ঘ বুলবুলি

**২. জড়তা কোন গন্তব্য পথে মানুষকে পরিচালিত করে?**
ক বন্ধুর খ কণ্টকময়
গ মৃত্যুময় ঘ জটিল

**৩. মহৎকাজ সম্পাদনে কোনটিকে উপেক্ষা করতে হয়?**
ক বাধা খ সংশয়
গ সংকল্প ঘ সংকোচ

**৪. অদ্ভুত আকৃতির লোকটির গায়ে কী ধরনের পোশাক ছিল?**
ক শার্ট খ জ্যাকেট
গ কোট ঘ ব্রিচেস

**৫. 'কৃষ্ণকুমারী' কোন জাতীয় রচনা?**
ক পত্রকাব্য খ নাটক
গ প্রহসন ঘ মহাকাব্য

**৬. সব বন্ধুর মনের শঙ্কা দূর করল কে?**
ক বিধু খ নিধু
গ বাদল ঘ তিনু

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

'বাংলার মাঠ-প্রান্তর গ্রাম কী ঐশ্বর্যময় কোথাও শালবনের বিপুল বিথার কোথাও সুউচ্চ বাঁশঝাড় আর কোথাও বা মন মাতানো মহুয়ার বন।'

**৭. উদ্দীপকটিতে 'দেশ' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে?**
ক নদ-নদীর সৌন্দর্য
খ পাখ-পাখালির সৌন্দর্য
গ ফসলের সৌন্দর্য ঘ বন-বনানীর সৌন্দর্য

**৮. উদ্দীপকে প্রকাশিত দিকটি যে চরণে ফুটে উঠেছে—**
i. সেই কেশেতে গয়না পরায় প্রজাপতির ঝাঁক
ii. নদীর পরে নদী গেছে নদীর নাহি শেষ
iii. বনের পরে বন চলেছে বনের নাহি শেষ

**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i ও ii

**৯. মানুষের তিন গুণের মধ্যে প্রথম গুণ কোনটি?**
ক রজঃ খ তমঃ
গ ক্ষাত্র ঘ সত্ত্ব

**১০. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?**
ক ১৯১২ খ ১৯১৩
গ ১৯১৪ ঘ ১৯১৫

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

'ইলিয়াস মাঝে মাঝে রাতে ভয়ে জেগে ওঠে। তার মনে হয় ভূতে তাকে তাড়া করছে। সে কাউকে বলে না। দিন দিন আরও ভয় বাড়ছে এবং শরীর খারাপ হচ্ছে।

**১১. 'তৈলচিত্রের ভূত' গল্পের আলোকে ইলিয়াসের ভয় পাওয়ার কারণ—**
ক শিক্ষার অভাব খ মানসিক বিপর্যয়
গ ভীতিকর মানসিকতা
ঘ বৈজ্ঞানিক জ্ঞানের অভাব

**১২. উক্ত অবস্থা থেকে উত্তরণের উপায়—**
i. বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি অর্জন
ii. আধুনিক চেতনা ধারণ
iii. কুসংস্কারমুক্ত হওয়া

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. 'পায়ে পড়ি, মাঝি, সাথে নিয়ে চলো মোরে আর হোকানুরে।"— উদ্ধৃতাংশে প্রকাশ পেয়েছে—**
ক উদারতা খ স্নেহপরায়ণতা
গ কর্তব্যনিষ্ঠা ঘ সহমর্মিতা

**১৪. রিপভ্যান উইংক্‌ল-এর নাতির নাম কী?**
ক জুনিথ খ ভেডার
গ মিশেল ঘ রিপ

**১৫. পাখোম স্বপ্নে প্রথমে কাকে দেখতে পেল?**
ক স্টার্শিনা খ মহাজন
গ শয়তান ঘ গরিব চাষি

**১৬. 'একুশের গান' কবিতায় 'খুন' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক হত্যা খ রক্ত
গ আঘাত ঘ মৃত্যু

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

'ধূসরের উষরের কর তুমি অন্ত,
শ্যামলিয়া ও পরশে করগো শ্রীমন্ত।'

**১৭. উদ্দীপকের সাথে নিচের কোন রচনার সাদৃশ্য রয়েছে?**
ক দেশ খ নদীর স্বপ্ন
গ আবার আসিব ফিরে
ঘ জাগো তবে অরণ্য কন্যারা

**১৮. সাদৃশ্যপূর্ণ ভাবটি প্রকাশ পেয়েছে যে চরণে—**
ক তুই আকাশের রানি, আমি পদ্মার রাজা
খ জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়
গ মেলি লেলিহান শিখা তোমরা জাগিয়া ওঠ
ঘ শরৎকালের শিশির সেথায় জ্বালায় মানিক আলা

**১৯. 'দেশ' কবিতায় কোনটি অজানায় বয়ে যায়?**
ক খেত খ মেঘ
গ নদী ঘ আকাশ

**২০. 'কিশোর কাজী' গল্পের কিশোর কাজীর কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—**
ক কর্মদক্ষতা খ বিচক্ষণতা
গ অভিজ্ঞতা ঘ দায়িত্বশীলতা

**২১. 'সাল' কথাটি কোন ভাষা থেকে এসেছে?**
ক আরবি খ ফারসি
গ উর্দু ঘ বাংলা

http://teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:

'তিতুমীর, সূর্যসেন, নেতাজী সন্তান এই
বাংলাদেশের বাংলার কথা বলতে গিয়ে বিশ্বটাকে
কাঁপিয়ে দিল কার সে কণ্ঠস্বর।'

২২. উদ্দীপকে প্রতিফলিত দিকটি কোন রচনার সঙ্গে সঙ্গতিপূর্ণ?
ⓚ বাঙালির বাংলা
ⓖ এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম
ⓖ বঙ্গভূমির প্রতি ⓖ একুশের গান

২৩. উল্লিখিত ভাবটির সাদৃশ্যপূর্ণ চরণ হলো—
ⓚ সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না
ⓚ আমি কি ভুলিতে পারি
ⓖ এই পবিত্র বাংলাদেশ বাঙালির
ⓖ মনের মন্দিরে সদা সেবে সর্বজন

২৪. 'হাসিয়া' শব্দটির দ্বারা বোঝায়—
ⓚ শীতল পাটির কাজ
ⓚ খাট-পালঙ্কের কারুকাজ
ⓖ নৌকায় অঙ্কিত কারুকাজ
ⓖ পোড়ামাটির কাজ

২৫. 'লোভে পাপ, পাপে মৃত্যু'— সংলাপটি কার?
ⓚ কবিরাজ ⓚ হাসু
ⓖ রহমত ⓖ মোড়ল

২৬. রবিনসন গিনি উপকূলে গিয়ে পাঁচ পাউন্ডের জিনিস কত পাউন্ডে বিক্রয় করল?
ⓚ উনিশ ⓚ বিশ
ⓖ একুশ ⓖ বাইশ

২৭. সব সুন্দরের সৃষ্টির রূপের নাম—
ⓚ স্বাধীনতা ⓚ সৃজনশীলতা
ⓖ উদারতা ⓖ স্বয়ংক্রিয়তা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

'তরুলতা যেমন বৃষ্টির সাহায্য প্রার্থী
মেঘও সেইরূপ তরুর সাহায্য চায়।'

২৮. উদ্দীপকে ফুটে উঠা দিকটি কোন কবিতার সঙ্গে সঙ্গতিপূর্ণ?
ⓚ বঙ্গভূমির প্রতি ⓚ নারী
ⓖ দুই বিঘা জমি ⓖ নদীর স্বপ্ন

২৯. সাদৃশ্যপূর্ণ দিকটি কোন চরণে ফুটে উঠেছে?
ⓚ কোনকালে একা হয়নিকো জয়ী পুরুষের তরবারি
ⓚ আমি তোর লাগি ফিরেছি বিবাগী গৃহহারা সুখহীন
ⓖ মধুহীন করোনা গো তব মনঃ কোকনদে
ⓖ পায়ে পড়ি মাঝি, সাথে নিয়ে চলো মোরে আর ছোকানুরে

৩০. ইরানের স্বাধীনতা উদ্ধারকারী বলা হয় কাকে?
ⓚ মহাবীর রোস্তমকে ⓚ বীর শামকে
ⓖ বীর জালকে ⓖ রাজা কায়কাউসকে

৩১. শিল্পকলার কারুকাজ দিয়ে গড়ে উঠেছে আমাদের—
ⓚ ইতিহাস ⓚ ঐতিহ্য
ⓖ সংস্কৃতি ⓖ জীবনবোধ

৩২. রাস্তার ধারের ছেলেটিকে কবি কেমন ছেলে বলে উল্লেখ করেছেন?
ⓚ শীতার্ত ⓚ অসহায়
ⓖ দরিদ্র ⓖ উলঙ্গ

৩৩. চোরের দলের মাতবর রাজকুমারকে কী নাম দিয়েছিল?
ⓚ টমক্যান্টি ⓚ হিউগ্স
ⓖ ফুফুদি-ফাস্ট ⓖ এডওয়ার্ড

৩৪. সীতাকে পাওয়ার জন্য রামকে প্রমাণ করতে হয়েছে তাঁর—
ⓚ শক্তিমত্তা ⓚ যুদ্ধনৈপুণ্য
ⓖ উদারতা ⓖ ধৈর্যশীলতা

৩৫. 'মার্চেন্ট অব ভেনিস' গল্পে একটা উচ্চ হাসির রোল পড়ে গেল কেন?
ⓚ তরুণ উকিলের দক্ষতায়
ⓚ আংটির রহস্য উদ্ঘাটন হওয়ায়
ⓖ অ্যান্টিনিওর মুক্তি পাওয়ায়
ⓖ শাইলক অপদস্ত হওয়ায়

৩৬. 'সংস্কৃত ভাষা' কত সালে বিধিবদ্ধ হয়েছিল?
ⓚ খ্রিষ্টপূর্ব ৪০০ অব্দের আগেই
ⓚ খ্রিষ্টপূর্ব ৮০০ অব্দের আগেই
ⓖ খ্রিষ্টপূর্ব ৪৫০ অব্দে ⓖ খ্রিষ্টপূর্ব ৩৫০ অব্দে

৩৭. মংডু মিয়ানমারের কোন দিকের সীমান্ত শহর?
ⓚ পূর্ব ⓚ পশ্চিম
ⓖ উত্তর ⓖ দক্ষিণ

৩৮. কোন বোনের স্বামী ছিল পাখোম?
ⓚ বড় ⓚ মেজ
ⓖ ছোট ⓖ সেজ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:

'সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।'

৩৯. উদ্দীপকটিতে 'মানবধর্ম' কবিতার কী প্রকাশ পেয়েছে?
ⓚ মানুষের মহিমা ঘোষণা ⓚ মানুষের গৌরব
ⓖ মানুষের আশাবাদ ⓖ মানুষের অমরত্ব

৪০. যেদিক থেকে উদ্দীপকটিকে 'মানবধর্ম' কবিতাটির মূলসুর বলা যায়—
i. ধর্মের ভেদাভেদ ii. অসাম্প্রদায়িকতা
iii. মনুষ্য ধর্ম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | গ |

http://teachingbd.com